৭২

দৈনিক ইনকিলাব

তারিখ 19 APR 1994
পৃষ্ঠা ৮ কলাম ৭

পরীক্ষায় প্রশ্নের ধরন ও উত্তর নির্বাচনে বিভ্রান্তি

# ইংরেজী শিখন—শিক্ষণে সংকট তৈরী করেছে

এম শওকত আলী

বেশ কিছুদিন থেকে ইংরাজী শিখন-শিক্ষণে, বিশেষ করে মাধ্যমিক পর্যায়ে, বেশ কিছু সমস্যা বিরাজ করছে যার প্রতিকূল প্রভাব পড়ছে এসএসসি ও এইচএসসি পরীক্ষার্থীদের উপর। বর্তমানে অধিকাংশ সুধীজনের মন্তব্য হচ্ছে এই যে, ইংরেজীর মান ক্রমশঃ নিম্নগামী যার ফলশ্রুতিতে গ্রাজুয়েট একজন ছাত্র কি শিক্ষাজীবন, কি বাস্তবজীবনে ইংরাজী কথা ও শিখনে শোচনীয়ভাবে পশ্চাৎপদ থেকে যাচ্ছে। কথাটি সর্বাংশে না হলেও আংশিক সত্য সন্দেহ নেই। তবে এর কারণ খুঁজতে গেলে দেখা যাবে যে, অনেক ক্ষেত্রে শিক্ষকের অনবহিতি এবং শিক্ষার্থীর শ্রমবিমুখতা প্রচলিত পরীক্ষা পদ্ধতির অশোচনীয় দুর্বলতার সাথে মিশেই এই অবস্থার সৃষ্টি করেছে। বক্ষ্যমাণ নিবন্ধে এতদসংশ্লিষ্ট কিছু সমস্যাই আলোচিত হচ্ছে।

প্রথমতঃ ইংরাজীর ব্যাকরণগত কিছু সমস্যার কথা ধরা যাক। এসএসসি পর্যায়ে পরীক্ষার্থীদের গত '৯২ সাল থেকে টাস্কফোর্স প্রণীত প্রশ্নমালার উপর পরীক্ষা নেয়া হচ্ছে। এই প্রশ্নমালা যাদের প্রণয়ন করার কথা- দুর্মুখরা বলে এটা তারা নিজেরা না করে কিছু 'অভিজ্ঞ' শিক্ষক-শিক্ষিকা দ্বারা করিয়েছেন। ঐসব 'অভিজ্ঞ' শিক্ষা-শিক্ষিকা নাকি কেবল চাকুরীর মেয়াদের ভিত্তিতেই অভিজ্ঞ বলে বিবেচিত হয়েছেন। ফল যা হবার তাই হয়েছে। ঐ প্রশ্নপত্রের উত্তরসমূহের পরবর্তীতে একটি সংশোধনী বের করতে হয়েছে, যেটা আবার বোর্ডের এক উচ্চ পদস্থ কর্মকর্তার ভাষায় 'সংশোধিত ভুল'। পরিহাসই বটে। উদাহরণস্বরূপ ইংরাজী দ্বিতীয় পত্রের ১০৭ নং নৈর্ব্যক্তিক প্রশ্নটির সঠিক উত্তর চ/খ অর্থাৎ দ্বিতীয় উত্তরটি। অথচ পূর্বে এবং সংশোধনীতেও এই উত্তরটি ভুল দেয়া আছে। ব্যাখ্যা হিসেবে বলা যায় যে, উদ্দেশ্য বুঝাতে যে ইনফিনিটিভ্ ব্যবহার করা হয় তা সর্বদাই Adverb হয়ে থাকে।

নৈর্ব্যক্তিক ১০৮ নং প্রশ্নটিরও এই রকম ভুল উত্তর দেয়া আছে। Prepositional Phrase এবং Phrase Preposition-এর মধ্যে পার্থক্য আছে এবং সেটা যৌক্তিকও বটে। এদের গঠনও আলাদা।

যেমন- Prepositional Phrase= Preposition + NP
Phrase Preposition= Adjective/ Verb/ Adverb Preposition+NP+Conjunction Preposition

প্রায় ব্যতিক্রমহীনভাবে এই-ই হচ্ছে উভয়ের Construction। আবার Prepositional Phrase একাধিক Parst of Speech রূপে ব্যবহৃত হতে পারে, কিন্তু Phrase Preposition কেবল Preposition-ই। অতএব, উক্ত ১০৮ নং প্রশ্নে- 'The tree in front of my house is big' এই Setcnceটিতে 'infront of my house' Prepositional Phrase-টি Adjective রূপ ব্যবহৃত হয়েছে। তাই এর সঠিক উত্তর C/গ।

তেমনি Narration-এর ক্ষেত্রে ৬৮নং প্রশ্নটি ধরা যাক। প্রদত্ত Direct Speech-টি মূলতঃ একটি Optative Sentence, যদিও এর Presentation-টি exclamatory. সুতরাং এটার Indirect narration-এ যদি 'He exclaimed that he had the wings of a bird' লেখা হয় তবে Reported speech-টি Positive অর্থবোধক হয়ে যায় যেটি unreal. এই সমস্যা এড়ানোর জন্য এটির সঠিক উত্তর হওয়া উচিত 'He exclaimed if he had the wings of a bird'- অর্থাৎ That এর পরিবর্তে if ব্যবহার করলে মূল ভাবটি প্রকাশ করত। কিন্তু উত্তরে তা নেই। Narration-এর ক্ষেত্রে Rule-এর চেয়ে Situation এবং Common sense-এর প্রয়োগ মোটেই কম গুরুত্বপূর্ণ নয়। (GCE-ARB Etherton) যেমন, He said, " I am here this evening." এটির Indirect speech-এ কেউ যদি 'He said that he is here this evening' লেখে তবে প্রচলিত নিয়মানুযায়ী এটি ভুল বলে মনে হবে। কিন্তু যদি এই Statement টি ঐ দিনের কোন এক সময় report করা হয় তবে ঐ Present tense-টি Past tense-এ পরিবর্তন করাই হবে ভুল।

এ রকম আরও সমস্যা আগামীতেও দেখা দেবে। যেমন পূর্বতন নিয়মানুযায়ী transitive Verb-এর object গুলি সর্বদাই Objective case-হয় অতএব 'Whom are you looking for এই Sentence-টিতে উপরোক্ত নিয়মেই 'whom' ব্যবহার করা হয়েছে। কিন্তু বর্তমানে 'Who are you looking for' অধিকতর Common usage.

আবার Relative Pronoun ব্যবহারের ক্ষেত্রে লক্ষ্য রাখা দরকার যে, এদের antecedent গুলো ঠিক এদের পূর্বে বসে। সে হিসেবে 'I Know the name of the girl who came here'-এটিই ঠিক Construction. কারণ Who-র antecedent 'girl'. কিন্তু English For Today, Book VII-এ এরকমই একটা Sentence (I Know the Girl's name Who....) আছে যেটা ঠিক নয়, কারণ এখানে Who-র antecedent name নয়, Girl.

আবার than-কে conjunition এবং Preposition উভয়তঃ ব্যবহার বর্তমানে চালু। যেমন
'I am taller than he / him.
অর্থাৎ than-এর পর clause হলে Nominative কিন্তু Clause না থাকলে Objective case হবে। (R. Murphy).

একইভাবে 'so that'-এর পরের clause-এ পূর্বতন নিয়মে may/might-এর পরিবর্তে can/could ব্যবহারও বর্তমানে সিদ্ধ। (R. Murphy).

কতিপয় perception Verb-এর Continuous tense হয় না; কিন্তু ব্যবহারের কারণে কিছু কিছু Concession বোধ হয় করা যায়।
যেমন-
Inc : I am seeing a Bird
cor : I see a bird.

কিন্তু informal construction-এ ঐ জাতীয় কতিপয় Verb-এ Present/Past Continuons-এ ব্যবহার কি খুবই নিন্দার্হ? যেমন
hoping to meet you next week.
I am looking forward to meeting you this week-end.
thinking of you all the time.

উপরোক্ত আলোচনার ভিত্তিতে এটাই প্রস্তাব যে, বর্তমানে নিয়মের নির্মম কড়াকড়ির কিছুটা শৈথিল্য শিক্ষার্থীদেরকে আরও স্বাচ্ছন্দ্য ও আত্মবিশ্বাস যোগাতে পারে। সেই সাথে পরীক্ষার্থীদের উত্তর পত্র পরীক্ষণের সময় পরীক্ষকগণ যদি একটু মনে রাখেন যে, ইংরাজী grammar-এর অনেক নতুন সংস্করণে লেখক-লেখিকাগণ বিধিসমূহের rigidity ক্ষেত্র বিশেষে অত্যাবশ্যক মনে করছেন না, তাহলে সকল পরীক্ষার্থী মোটামুটি সুবিচার প্রাপ্তির আশা করতে পারে।

এই প্রসংগে আরও একটি কথা বলা দরকার essay type উত্তরের বিষয়েও। বিশেষ করে Comprehension যাচাইমূলক প্রশ্নগুলির বর্তমান মান খুবই নীচু বলে মনে হয়। প্রদত্ত Passage বা text-বই এর অংশ বিশেষ হুবহু উদ্ধৃত করলেও যদি সঠিক উত্তর পাওয়া যায় তবে তা Comprehension যাচাই-এর মানসম্মত হয় না। এতে শিক্ষার্থীরা কেবল মুখস্থ করে অথবা Passage-এর অংশ বিশেষ লিখে দিয়ে আসে। এ সকল প্রশ্নের ধরন বদলানো দরকার। আর সেই ধরন বদলানোর জন্য প্রথমতঃ শিক্ষক-শিক্ষিকা বা প্রশ্ন প্রণেতারই সঠিক জানা থাকা দরকার তিনি পরীক্ষার্থীর কাছে ঠিক কি চান।

Text-Book ভিত্তিক Comprehension যাচাইমূলক প্রশ্নের উত্তরের দৈর্ঘ নিয়েও সমস্যা। এই প্রশ্নের উত্তর একশত শব্দেও লেখা যায় আবার বিশ পঁচিশ শব্দের মধ্যেও লেখা যায়। তবে যেহেতু বর্তমানে Text-Book ভিত্তিক Comprehension যাচাইমূলক প্রশ্নের মান ৫ নম্বর, সে ক্ষেত্রে উত্তর সর্বাধিক পঞ্চাশ শব্দের মধ্যেই হওয়া উচিত; কেননা সঠিক উত্তর জানাটাই শুধু যথাসম্ভব সীমিত, সঠিক শব্দাবলী ব্যবহারের মাধ্যমে তা প্রকাশ করাটাই শিক্ষার্থীর কৃতিত্ব। এ ক্ষেত্রে উত্তরের অনাবশ্যক দৈর্ঘ্যকে ত্রুটি বলেই ধরা উচিত।

ভবিষ্যতে টাস্কফোর্স প্রণীত ৫০০ নমুনামূলক নৈর্ব্যক্তিক প্রশ্নের পরিবর্তে অনির্দিষ্ট সংখ্যক Text-Book-ভিত্তিক প্রশ্ন প্রণয়ন করার সময়ে প্রশ্নকর্তাগণ যদি আলোচিত বিষয়গুলি একটুও মনে রাখেন তবে শিক্ষক-শিক্ষিকা ও শিক্ষার্থী নির্বিশেষে উপকৃত হবেন বলে আশা করা যায়। বিশেষ করে নৈর্ব্যক্তিক প্রশ্নমালা, যে টাস্কফোর্স কর্তৃক প্রণীত, তাঁর সম্মানিত আহবায়কের মতে অযোগ্য হাতে প্রণীত; MCQ ভিত্তিক অভীক্ষা নিকৃষ্টতম হতে পারে। মন্তব্যটি যে ১০০% খাঁটি তাতে কোনই সন্দেহ নেই।

সবশেষে এসএসসি পর্যায়ে Text-Book-টির Volume নিয়েও ভাবা দরকার। বিষয়বস্তু ভিত্তিক গদ্য ও পদ্যাংশ মিলে মোট দশটি ছোট রচনামূলক প্রশ্নের জন্য তিনশত পৃষ্ঠার একটি বই (যার মধ্যে অধিকাংশই আবার শিক্ষার্থীদের কাছে প্রায় শুকনো রুটির মত) সত্যিই উপযোগী কি-না সেটাও যথেষ্ট পুনর্বিবেচনার দাবী রাখে। এ প্রসংগে আরও মনে রাখা দরকার যে, এই বিরাটাকার বই-এর পাশাপাশি মাত্র দশ নম্বরের জন্য দেড় থেকে দুইশ' পৃষ্ঠার আরও একটা বোঝা Supplimentary Reader হিসেবে শিক্ষার্থীদের ঘাড়ে চাপানো হয়েছে। সংশ্লিষ্ট কর্তাব্যক্তিগণ বিষয়টি আর একবার ভেবে দেখবেন আশা করা যায়।